

“আত্মকর্মা যুবশক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.২০১১.- ৬৬৮


তারিখঃ ০৭-০৯-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ক্রেডিটসুপারভাইজারগণের দৈনন্দিন কার্যক্রমের ডাইরি সংরক্ষণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ কার্যক্রম পরিচালনা বিষয়ক নীতি নির্ধারণী (স্টিয়ারিং) কমিটির ৯ম সভায় অধিদপ্তরের বিপুল পরিমাণ ঋণ খেলাপী থাকায় উদ্বেগ প্রকাশ এবং আদায় কার্যকরীভাবে খেলাপী আদায় ব্যবস্থার অংশ হিসাবে ক্রেডিটসুপারভাইজারগণের দৈনন্দিন আদায় কার্যক্রমের ডাইরি সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ডাইরিতে সন্নিবেশিত তথ্য যাচাই করবেন এবং উর্ধ্বতন কর্মকর্তাগণ অফিস পরিদর্শনের সময় উক্ত ডাইরি পরীক্ষা করে মন্তব্য লিপিবদ্ধ করবেন। এ লক্ষ্যে এসঙ্গে সংযুক্ত ছকে সিএসগণকে দৈনন্দিন কার্যক্রমের ডাইরি সংরক্ষণ করতে হবে। যদি কোন অফিসের জনবল সিঙ্গেল সিট ব্যবহার করে দৈনন্দিন কার্যাদি সম্পাদন করেন তবে এ সকল সিট মাস ও বছরভিত্তিক ধারাবাহিকভাবে বাঁধাই করে রাখতে হবে অথবা স্থায়ী রেজিস্টারে কার্যাদি সম্পাদন করা যেতে পারে। উল্লেখ্য, এ ডাইরি নিরীক্ষাযোগ্য দলিল হিসাবে পরিগণিত হবে বিধায় দৈনিকভাবে তা সরেজমিনে গমন পূর্বক পূরণ ও সংরক্ষণ করতে হবে।

বর্ণিত অবস্থায়, ঋণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে এতদসঙ্গে সংযুক্ত ছকে দৈনন্দিন কাজের ডাইরি সংরক্ষণ করে বছরান্তে বাঁধাই/স্থায়ী রেজিস্টারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ নির্ধারিত ‘ছক’ -০১ (এক পাতা)।


০৭.০৯.১৭
(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃবিঃও ঋণ)

ফোনঃ ৯৫১৫০১৯

Email- addydpe@gmail.com

ক্রেডিট সুপারভাইজার (সকল)

যুব উন্নয়ন অধিদপ্তর

----- (সকল) উপজেলা,

----- (সকল) জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০২১.২০১১.- ৬৬৮

তারিখঃ ০৭-০৯-২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ


০১। উপ-পরিচালক (সকল)-----।

০২। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর (সকল), ----- উপজেলা, ----- জেলা।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। অফিস কপি/গার্ড নথি।


০৭.০৯.১৭
(মোঃ শাহীনুর রহমান)

সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)

